দৈনিক
ইত্তেফাক

তারিখ - 6 APR 2017
পৃষ্ঠা 6 কলাম 2

# শিক্ষার মান উন্নয়নে বদলির বিকল্প নেই

বেসরকারি স্কুল কলেজ মাদ্রাসা ও বিশ্ববিদ্যালয়ে শিক্ষার মান উন্নয়ন, দুর্নীতি রোধ, অনিয়ম ও সুশৃঙ্খলা ফিরিয়ে আনতে শিক্ষকদের বদলির কোনো বিকল্প নেই। বদলি প্রথা না থাকায় কোনো কোনো ক্ষেত্রে প্রতিষ্ঠানপ্রধানরা জিম্মি হয়ে পড়েন স্থানীয় শিক্ষকদের কাছে। স্থানীয় হওয়ার দাপট দেখান তাঁরা। কেউ কেউ ক্লাস ফাঁকি দিয়ে কোচিংয়ে জড়িয়ে পড়েন। তখন তাঁদের ক্লাসে পড়াশোনার দিকে নজর কমে যায়। এক কথায় বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানে বর্তমানে যে অনিয়ম, দুর্নীতি, কোচিং বাণিজ্য, স্বেচ্ছাচারিতা ও ক্ষমতার অপব্যবহারসহ নানা অনিয়ম, তা দূর করার একমাত্র উপায় বদলি প্রথা চালু করা। বদলি প্রথা চালু হলে বাড়িভাড়ার বিষয়টি উঠবে। নাম প্রকাশ না করার শর্তে অনেক শিক্ষক জানান, বদলি প্রথা চালু করে তা নিজ উপজেলাতেই সীমাবদ্ধ রাখলে বাড়িভাড়ার প্রয়োজন হবে না। প্রাথমিক শিক্ষকদের অযথা বাড়িভাড়া দেওয়া হয়। বাংলাদেশের কোনো উপজেলাতেই নেই যে, প্রাইমারি লেভেলের কোনো শিক্ষক বা শিক্ষিকা বাড়ি ভাড়া করে থাকেন। হাজারে দু চারজন আছেন, যাঁরা নিজের বাড়িঘর ছেড়ে শহরে বসবাস করেন। সেক্ষেত্রে প্রাথমিক শিক্ষকদের বাড়িভাড়া বেসরকারি শিক্ষকদের মতো এক হাজার টাকা করা উচিত। এমন অবস্থা মাদ্রাসা ও কলেজগুলোতেও। পরীক্ষামূলকভাবে বেসরকারী শিক্ষকদের বদলি প্রথা চালু করে দেখা হোক—শিক্ষার মান কেমন হয়। শিক্ষা-প্রতিষ্ঠানগুলোতে যে অনিয়ম আছে যা বদলি প্রথা চালু হলে এমনিতেই চলে যাবে। এ ব্যাপারে উর্ধ্বতন মহলের দৃষ্টি আকর্ষণ করছি।

এম এ মান্নান
সুপার, পঞ্চাশী রেজাউল হক
কাবেরিয়া দাখিল মাদ্রাসা
সরিষাবাড়ী, জামালপুর

প্রাপ্তি নং...............................
তারিখ...............................
চীফ. ডি.এল.পি বিভাগ
সিনিয়র সিস্টেম
স্বাক্ষর